# একাসময়
প্রবীর রায়

জঙ্গলের মধ্যে সরে যাচ্ছে পাঁচালির ফাটল দিয়ে ওই সাদা বাড়িটার দিকে
এলোমেলো বেড়ে ওঠা কথাগুলো পরিষ্কার করতে করতে চলে যাচ্ছে
বিশেষণহীন হয়ে ওঠছে ঝুলে থাকা শুকনো কলাপাতা
আর গর্তগুলোর নিজের অন্ধকার যা বলছে যা বোঝাতে চাইছে
তা সবরকম চলে যাওয়া

## বন্ধুত্ব

একই দিনের মধ্যে জন্ম নিল শুকনো বয়ে যাওয়ার ফিসফিস
কথা ও বার্তায় যতখানি আর্দ্রতা ছিল
তাকে নিয়ে চলে যাচ্ছে আসন্ন শীত
হাত নাড়তে নাড়তেই পাতা খসিয়ে দিচ্ছে পুরনো
গল্প নতুন নয় তবু নতুন ভাবে দেখাশোনা করে লোকজন

## দক্ষিণ প্রদক্ষিণ

গন্ধরাজ গাছটিতে ঝরে যাওয়ার হট্টগোল
সবুজ নতুন করে আসেনি বলে শাখাপ্রশাখায় আর অপেক্ষা নেই
তবু তাকে ঘিরে আমাদের আলোচনা আগ্রহ ঢেলে দিই
ভালোবাসা যদি আসে আরও একবার সেদিনের মত

## নীরবতার মানে

একটি নারী ও পুরুষ পেঁপেগাছ পাশাপাশি বেড়ে উঠেছিল
তাদের প্রণয়কালে সাথী ছিল এই জঙ্গলজীবন
তারাই মদত দিয়েছিল পরাগমিলনে
আজ এই ফলভার শুধু তোমাদের ভেবে নিলে তাদের কিছু বলার থাকেনা

## নিয়মাবলী

কোনোরকম শর্ত ছাড়াই যে যার মত জমা দিয়ে যাচ্ছে
যার কিছু নেই সেও দিল চোখের শূন্য

দিনের শেষে আকাশনীল হাওয়াচক্রে যে বসে আছে
সে ই বলে দেয় এই বৃষ্টি কাকে কয় ফোঁটা দেবে